রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”


# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৬, ২০২২


**৩য় খণ্ড**

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ কার্তিক ১৪২৮/১০ নভেম্বর ২০২১

নং **২৩.০০.০০০০.১৬০.১৩.১৬৬.২১.১৭৯**—সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা-৪৪ অনুযায়ী প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সার্জন ডাঃ হুমায়ুন কবীর-এর স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন অনুযায়ী তাঁকে ০১ অক্টোবর ২০২১ তারিখ থেকে অবসর প্রদান করা হল।

২। বাংলাদেশ জরিপ অধিপ্তরের সহকারী সার্জন ডাঃ হুমায়ুন কবীর-এর অনুকূলে ০১ অক্টোবর ২০২১ তারিখ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত মোট ১(এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হল। তিনি প্রচলিত বিধি অনুযায়ী তাঁর ছুটির প্রাপ্যতা অনুসারে সর্বোচ্চ ১৪ মাস ২৯ দিন ছুটির বিনিময়ে সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) হিসেবে প্রাপ্য হবেন।

৩। তিনি প্রচলিত বিধি অনুযায়ী অবসর সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

**মোহাম্মদ গোলাম কবির**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ কার্তিক ১৪২৮/৮ নভেম্বর ২০২১

নং **২৩.০০.০০০০.০১০.৬২.০০৭.১৬-৩৩৩**—বাংলাদেশ সেনাবাহিনীর ৭৬তম বাংলাদেশ মিলিটারি একাডেমি (বিএমএ)’র দীর্ঘমেয়াদী কোর্সের ক্যাডেট (বর্তমানে কর্মকর্তা) বিএ-১০০৭৭ লেফটেন্যান্ট সাদাত মোঃ শাহরিয়ার শামীম শোভন US Military Academy (USMA), USA হতে কমিশন লাভ করায় ৮ ডিসেম্বর ২০১৮ তারিখ থেকে পদাতিক কোরে তাঁকে লেফটেন্যান্ট পদবিতে নিয়মিত কমিশন প্রদান কর হলো।

২। একইসঙ্গে তাঁকে ৭ ডিসেম্বর ২০১৮ তারিখ থেকে ১ ডিসেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত পশ্চাৎপ্রবীণতা প্রদান করা হলো। এ পশ্চাৎপ্রবীণতা তাঁর জ্যেষ্ঠতা ও পদোন্নতির ক্ষেত্রে প্রযোজ্য হবে; তবে এক্ষেত্রে তাঁকে কোন প্রকার বকেয়া বেতন ও ভাতাদি প্রদান করা হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মঞ্জুরুল করিম**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ কার্তিক ১৪২৮/২৪ অক্টোবর ২০২১

নং **২৩.০০.০০০০.১৪০.১১.১৭৮.২০-৩৪৭**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত ইথিওপিয়ার আদ্দিস আবাবাস্থ বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা বিএ-৩৬৬৯ ব্রিগেডিয়ার জেনারেল মহাম্মদ সুমন রেজা, এনডিসি, পিএসসি-কে একইসঙ্গে অনাবাসিক ভিত্তিতে তানজানিয়ার প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) তিনি দাপ্তরিক কার্য উপলক্ষ্যে বছরে এক/দু'বার সস্ত্রীক সংশ্লিষ্ট দেশে ভ্রমণ করতে পারবেন;

(খ) প্রচলিত বিধি বিধান অনুযায়ী তিনি ভ্রমণ ব্যয় বাবদ বিমান ভাড়া ও দৈনিক ভাতা প্রাপ্য হবেন;

(গ) এ ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেটের 'প্রতিষ্ঠান কোড-১১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯ আন্তঃবাহিনী ডিপার্টমেন্টস এবং ১১৯০৯১১০০০০০০ প্রতিরক্ষা অ্যাটাশে খাত' থেকে সংকুলান করা হবে।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাজমুল হক**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ কার্তিক ১৪২৮/৪ নভেম্বর ২০২১

নং **২৩.০০.০০০০.১৮০.১৩.১১৩.২১.৪১২**—বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ৪(চার) জন অফিসারকে তাঁদের নামের পাশে বর্ণিত বিধি অনুযায়ী কর্তনসহ আর্মি এ্যাক্ট সেকশন-১৮, আর্মি এ্যাক্ট রুলস্ ১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬১, আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৯ এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১, রুল-১৬ অনুযায়ী চাকরি থেকে অকালীন (স্বেচ্ছায়) অবসর প্রদান করা হলো :

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ক্রমিক নম্বর | আর্মি নম্বর, পদবি ও নাম | বিধি অনুযায়ী কর্তনের হার |
| ১ | বিএ-৬৩৪১ লে. কর্নেল মোহাম্মদ রেজাউল করিম, এসপিপি, পিএসসি, ইঞ্জিনিয়ার্স | ক) অকালীন (স্বেচ্ছায়) অবসর গ্রহণের কারণে কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন, ১৯৮১, রুল-১৬ অনুযায়ী তাঁর প্রাপ্য পেনশন থেকে ২৫% কর্তন হবে।<br>খ) তিনি ৫ ফেব্রুয়ারি ২০২০ থেকে ৭ জুন ২০২১ তারিখ পর্যন্ত ওকেপি-৯ (কুয়েত) সম্পন্ন করার প্রথম বর্ষের মধ্যে অকালীন (স্বেচ্ছায়) অবসরের আবেদন করায় কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন ১৯৮১-এর রুল-৩ অনুযায়ী তাঁর প্রাপ্য পেনশন থেকে অতিরিক্ত ৩০% কর্তনসহ সর্বমোট (২৫%+৩০%)=৫৫% কর্তন করতে হবে। |
| ২ | বিএ-৬৯০৭ মেজর শ্যায়রীন খান, ইএমই | ক) অকালীন (স্বেচ্ছায়) অবসর গ্রহণের কারণে কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন, ১৯৮১, রুল-১৬ অনুযায়ী তাঁর প্রাপ্য পেনশন থেকে ২৫% কর্তন হবে। |
| ৩ | বিএ-৮২৩২ মেজর জিনাত আরা, অর্ডন্যান্স | ক) অকালীন (স্বেচ্ছায়) অবসর গ্রহণের কারণে কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন, ১৯৮১, রুল-১৬ অনুযায়ী তাঁর প্রাপ্য পেনশন থেকে ২৫% কর্তন হবে। |
| ৪ | বিএসএস-১০২২৮২ ক্যাপ্টেন মোঃ আল আমিন, এএমসি | ক) অফিসার চাকরির ৫ বছরের কম সময়ের মধ্যে অকালীন (স্বেচ্ছায়) অবসর গ্রহণের কারণে তাঁর জন্য কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন, ১৯৮১, রুল-১৬ প্রযোজ্য হবে।<br>খ) তিনি ২৬ জুন ২০১৯ থেকে ১৯ নভেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত বিএমএ ডাইরেক্ট শর্ট সার্ভিস কমিশন-৭৩ সম্পন্ন করার দ্বিতীয় বর্ষ ও ২৭ সেপ্টেম্বর ২০১৯ থেকে ২১ নভেম্বর ২০১৯ পর্যন্ত অফিসার্স বেসিক কোর্স (ওবিসি-৮৭)-দ্বিতীয় বর্ষ ও ২২ নভেম্বর ২০১৯ থেকে ২৬ নভেম্বর ২০১৯ পর্যন্ত মেডিকেল অফিসার্স বেসিক কোর্স (এমওবিসি-৮৭)-দ্বিতীয় বর্ষ এবং ১৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ থেকে অদ্যাবদি পর্যন্ত আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট (এএফএমআই) এ অনুষ্ঠিত পর্যায়িত শল্য চিকিৎসা (কার্ডিয়াক) বিশেষজ্ঞ কোর্সে অধ্যায়নরত অবস্থায় আবেদন করায় আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৭-এর এ্যাপেনডিক্স 'এইচ' অনুযায়ী কর্মকর্তার নিকট থেকে সর্বমোট (৪০,০০০/-+৩০,০০০/-+৩০,০০০/-+৩০,০০০)=১,৩০,০০০/-(এক লক্ষ ত্রিশ হাজার) টাকা সরকারি কোষাগারে জমা করতে হবে। |

২। প্রচলিত বিধি অনুযায়ী তাঁরা অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৩ কার্তিক ১৪২৮/ ৮ নভেম্বর ২০২১

নং **২৩.০০.০০০০.১৮০.১২.১০৭.২১-৪১৩**—এতৎসংশ্লিষ্ট নীতিমালা ও আইন থেকে অব্যাহতি (Waiver) প্রদান করে সেনাবাহিনীর বিএ-৬৯৭৪ মেজর এ কে এম মাহমুদুল হাসান, পিএসসি, পদাতিক- কে আর্থিক সুবিধাসহ মেজর থেকে লে. কর্নেল পদে মরণোত্তর (Posthumus) পদোন্নতি অর্থাৎ ভূতাপেক্ষ (Retrospective) পদোন্নতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ কার্তিক ১৪২৮/২১ অক্টোবর ২০২১

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০০৭.২১(অংশ-১).৫৩৭**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নৌবাহিনী বিধিমালা, ১৯৬১ এর বিধি ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির বয়সসীমা এবং বর্ধিত চাকরির মেয়াদ অতিক্রমের পর তাঁদের নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হলো :

| ক্রমিক | কর্মকর্তাগণের পদবি, নাম ও পি নং | অবসর গমণের তারিখ | এলপিআর গমণের তারিখ |
|---|---|---|---|
| ১. | কমডোর হুমায়ুন কল্লোল, (এল), এনইউপি, এনডিইউ, পিএসসি, বিএন (পি নং ৫৩৮) | বিকাল ৩১ ডিসেম্বর ২০২১ | সকাল ০১ জানুয়ারি ২০২২ |
| ২. | কমান্ডার মোঃ তারিকুল ইসলাম, (ই), বিএন (পি নং ৮৬৩) | বিকাল ৩০ ডিসেম্বর ২০২১ | সকাল ৩১ ডিসেম্বর ২০২১ |

২। তাঁদের আবেদন এবং জেএসআই১/২০১৬ মোতাবেক কমডোর হুমায়ুন কল্লোল, (এল), এনইউপি, এনডিইউ, পিএসসি, বিএন (পি নং ৫৩৮) এবং কমান্ডার মোঃ তারিকুল ইসলাম, (ই), বিএন (পি নং ৮৬৩) প্রত্যেকেই ১২(বারো) মাস মেয়াদে এলপিআর ভোগ করবেন।

৩। তাঁরা বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁদের নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফরহাদ হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২ কার্তিক ১৪২৮/১৮ অক্টোবর ২০২১

নং **প্রম/অব-২/২০১৩/ডি-৪/২৮৭**—বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক জনাব সামছুদ্দিন আহমেদ-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)-এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী আগামী ৩১ অক্টোবর ২০২১ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং ০১/২০২১), যাতে সরকারি অর্থের সংশ্লেষ রয়েছে, চলমান থাকায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)-এর ৫১(১)ধারা অনুযায়ী তা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত, তিনি, ভবিষ্য তহবিলে প্রদত্ত তাঁর চাঁদা এবং চাঁদার সুদ ব্যতীত, অন্য কোনো অবসর সুবিধা প্রাপ্য হবেন না।

**ফাতিমা তুজ জোহরা**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১ কার্তিক ১৪২৮/১৭ অক্টোবর ২০২১

নং **২৩.০০.০০০০.০১০.৬২.০১০.২১(অংশ-১)-৩০১**—বাংলাদেশ সেনাবাহিনীর ৫৭তম বিএমএ দীর্ঘমেয়াদী কোর্সের কমিশন প্রদান সংক্রান্ত প্রতিরক্ষা মন্ত্রণালয় এর ২৫ মার্চ ২০০৮ তারিখের ১ক-১/২০০৭/ডি-১/৬১৪ নম্বর প্রজ্ঞাপনের ৫৯ নম্বর ক্রমিকে বর্ণিত বিএ-৭৪৫৪ সেকেন্ড লেফটেন্যান্ট (বর্তমানে মেজর) তানভীর আহমদ, পদাতিক-এর পরিবর্তে বিএ-৭৪৫৪ সেকেন্ড লেফটেন্যান্ট (বর্তমানে মেজর) তানভীর আহমদ সাদী পদাতিক হিসেবে নাম সংশোধন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মঞ্জুরুল করিম**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১ কার্তিক ১৪২৮/১৭ অক্টোবর ২০২১

নং **২৩.০০.০০০০.১৮০.৩৬.১০৬.২১-৩৭৮**—আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ৪(চার) জন অফিসারের নামের পাশে ৬(ছয়) নম্বর কলামে বর্ণিত অবসর গ্রহণের তারিখ থেকে তাঁদের চাকরির মেয়াদ ১(এক) বছর করে বর্ধিত করা হলো :

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | আর্মি নম্বর, পদবি ও নাম | জন্ম তারিখ | কমিশনের তারিখ | সর্বোচ্চ বয়সসীমা | অবসর গ্রহণের তারিখ |
| ১ | বিএ-৪১৯৪ মেজর মোহাম্মদ সাইফ উল্লাহ্ বেলাল, পদাতিক | ৫ অক্টোবর ১৯৭১ | ২০ ডিসেম্বর ১৯৯১ | ৫০ | ৪ অক্টোবর ২০২১ (অপরাহ্ণ) |
| ২ | বিএ-৪২৮৫ মেজর হাবিব উল্লাহ মোঃ সোহেল, পিএসসি, এএসসি | ১৫ অক্টোবর ১৯৭১ | ৯ জুন ১৯৯২ | ৫০ | ১৪ অক্টোবর ২০২১ (অপরাহ্ণ) |
| ৩ | বিএ-৪৪৮০ মেজর গোলাম মোহাম্মদ সরওয়ার, পদাতিক | ২০ অক্টোবর ১৯৭১ | ২০ ডিসেম্বর ১৯৯২ | ৫০ | ১৯ অক্টোবর ২০২১ (অপরাহ্ণ) |
| ৪ | বিএ-৪১৭৮ মেজর মাহমুদ হাসান, আর্টিলারি | ২৯ অক্টোবর ১৯৭১ | ২০ ডিসেম্বর ১৯৯১ | ৫০ | ২৮ অক্টোবর ২০২১ (অপরাহ্ণ) |

২। ইতোপূর্বে প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে জারিকৃত ২৩.০০.০০০০.১৮০.১৩.১০০.২১-৩৪৬ নম্বর প্রজ্ঞাপনের ৭৭, ৭৮, ৮৯, ও ১০৩ নম্বর ক্রমিকে উল্লিখিত অফিসারদের অবসর সংক্রান্ত অংশটুকু বাতিল করা হলো। উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত অন্যান্য কর্মকর্তাদের স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.১০৬.২১-৩৭৯**—প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে জারিকৃত স্বাভাবিক অবসর সংক্রান্ত প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০.১৮০.১৩.১০০.২১-৩৪৬-এর ক্রমিক নম্বর-৬০ এ অবস্থিত বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩৮৩৭ মেজর মোহাম্মদ আবুল হাসান, এএসসি-এর অবসর সংক্রান্ত অংশটুকু বাতিলপূর্বক বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুসারে জনস্বার্থে তাঁর চাকরি ৫ অক্টোবর ২০২১ তারিখ (অপরাহ্ণ) থেকে ৪ অক্টোবর ২০২২ তারিখ (অপরাহ্ণ) পর্যন্ত ১(এক) বছর বর্ধিত করা হলো।

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখের প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.১০০.২১-৩৪৬-এ উল্লিখিত অন্যান্য কর্মকর্তাদের স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

নং **২৩.০০.০০০০.১৮০.৩৬.১০৬.২১-৩৮০**—আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ৩(তিন) জন অফিসারের নামের পাশে ৬(ছয়) নম্বর কলামে বর্ণিত অবসর গ্রহণের তারিখ থেকে তাঁদের চাকরির মেয়াদ ১(এক) বছর করে বর্ধিত করা হলো :

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | আর্মি নম্বর, পদবি ও নাম | জন্ম তারিখ | কমিশনের তারিখ | সর্বোচ্চ বয়সসীমা | অবসর গ্রহণের তারিখ |
| ১ | বিএ-৪০৬৩ মেজর মোঃ নিজাম ইবনে সিরাজ, এসপিপি, পদাতিক | ১২ অক্টোবর ১৯৭০ | ২১ জুন ১৯৯১ | ৫০ | ১০ অক্টোবর ২০২১ (অপরাহ্ণ) ১ বছর বর্ধিতসহ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ২ | বিএ-৪০৮২ মেজর মোহাঃ মামুন-অর-রশীদ, জি, আর্টিলারি | ২৭ অক্টোবর ১৯৭০ | ২১ জুন ১৯৯১ | ৫০ | ২৫ অক্টোবর ২০২১ (অপরাহ্ন) ১ বছর বর্ধিতসহ |
| ৩ | বিএ-৪৭০৭ মেজর মোঃ মঞ্জুরে খোদা, অর্ডন্যান্স | ১ নভেম্বর ১৯৭০ | ১৬ ডিসেম্বর ১৯৯৩ | ৫০ | ৩০ অক্টোবর ২০২১ (অপরাহ্ন) ১ বছর বর্ধিতসহ |

২। ইতোপূর্বে প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে জারিকৃত ২৩.০০.০০০০.১৮০.১৩.১০০.২১-৩৪৬ নম্বর প্রজ্ঞাপনের ৬৯, ৭১, ও ১০৭ নম্বর ক্রমিকে উল্লিখিত অফিসারদের অবসর সংক্রান্ত অংশটুকু বাতিল করা হলো। উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত অন্যান্য কর্মকর্তাদের স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **২৩.০০.০০০০.১৮০.৩৬.১০৬.২১-৩৮১**—প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে জারিকৃত স্বাভাবিক অবসর সংক্রান্ত প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.১০০.২১-৩৪৬-এর ক্রমিক নম্বর ১০২-এ অবস্থিত বাংলাদেশ সেনাবাহিনীর বিএ- ৪৪০৪ মেজর মোঃ আলী মুসতাঈন খাঁন, পদাতিক-এর অবসর সংক্রান্ত অংশটুকু বাতিলপূর্বক বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুসারে জনস্বার্থে তাঁর চাকরি ১৪ অক্টোবর ২০২১ তারিখ (অপরাহ্ন) থেকে ১৩ অক্টোবর ২০২২ তারিখ (অপরাহ্ন) পর্যন্ত ১(এক) বছর বর্ধিত করা হলো।

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখের প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.১০০.২১-৩৪৬-এ উল্লিখিত অন্যান্য কর্মকর্তাদের স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ আশ্বিন ১৪২৮/১৪ অক্টোবর ২০২১

নং **২৩.০০.০০০০.২৫০.১২.০৫৩.২১.১৭৩**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানার সাংগঠনিক কাঠামোভুক্ত উপসহকারী প্রকৌশলী (১০ম গ্রেড) থেকে সহকারী প্রকৌশলী (৯ম গ্রেড) পদে পদোন্নতি এবং সহকারী পার্সোনেল অফিসার (১০ম গ্রেড) থেকে পার্সোনেল অফিসার (৯ম গ্রেড) পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে ০৪ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় পদোন্নতি প্রদান বিষয়ক কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত ০৩(তিন) জন কর্মচারীকে তাঁদের নামের পাশে বর্ণিত পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২০০০—৫৩০৬০/-(৯ম গ্রেড) বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে পদোন্নতি প্রদান কর হলো :

| ক্র. নং | নাম, ব্যক্তিগত নম্বর ও পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম |
|---|---|---|
| ১। | মোঃ আব্দুর রব<br>ব্যক্তিগত নম্বর- ১৪৫৩<br>উপসহকারী প্রকৌশলী | সহকারী প্রকৌশলী |
| ২। | এ টি এম মোশাররফ হুসেন<br>ব্যক্তিগত নম্বর- ১৪৪৮<br>উপসহকারী প্রকৌশলী | সহকারী প্রকৌশলী |
| ৩। | মোঃ আবদুল লতিফ<br>ব্যক্তিগত নম্বর-১১৪২<br>সহকারী পার্সোনেল অফিসার | পার্সোনেল অফিসার |

শর্তাবলি :

(ক) বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ এবং সংশোধনী ২০০৭ অনুযায়ী কর্মচারীগণ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ১(এক) বছরের জন্য শিক্ষানবিশ থাকবেন;

(খ) শিক্ষানবিশকালীন তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা তাঁদের অদক্ষতার কারণে কর্তৃপক্ষ তাঁদেরকে পূর্বপদে প্রত্যাবর্তন করাতে পারবেন;

(গ) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে শেষ হওয়ার পর নিয়োগ বিধিমালার ৬(৪) বিধানমতে তাঁদেরকে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০২ কার্তিক ১৪২৮/১৮ অক্টোবর ২০২১

নং **২৩.০০.০০০০.০৭০.৬৯.১০৪.২০.২৩০**—বাংলাদেশ বিমানবাহিনীর নিম্নোক্ত কর্মকর্তাকে বিমানবাহিনী অ্যাক্ট রুলস্ ১৯৫৭-এর রুল ২৪(১) অনুযায়ী চাকরির বয়সসীমা (Retiring age) অতিক্রান্তে তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ থেকে অবসর প্রদান করা হলো :

| **ক্র. নং** | **কর্মকর্তার পদবি, নাম, নম্বর ও শাখা** | **জন্ম তারিখ** | **কমিশনের তারিখ** | **LPR-এ গমনের তারিখ** | **LPR শেষ হওয়ার তারিখ** | **অবসরের তারিখ** | **জমাকৃত ছুটির পরিমাণ** | **মঞ্জুরকৃত LPR-এর ছুটি** |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (০৯) |
| ১। | এয়ার কমডোর মোহাম্মদ মঈনুদ্দীন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, (বিডি/৭৯২৯), এডিডব্লিউসি | ০১ নভেম্বর ১৯৬৫ | ০৬ জুলাই ১৯৮৫ | ৩১ অক্টোবর ২০২১ | ৩০ অক্টোবর ২০২২ | ৩১ অক্টোবর ২০২২ | ১২৬৪ দিন | ৩৬৫ দিন |

২। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ার হোসাইন পাটোয়ারী**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ কার্তিক ১৪২৮/১৮ অক্টোবর ২০২১

নং **২৩.০০.০০০০.১২০.১১.০০৩.১৮-৪৩৪**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নিম্নবর্ণিত কর্মকর্তাগণ এমইএস এর সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুযায়ী সকল শর্ত পূরণ করায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২ অক্টোবর, ১৯৯০ তারিখের এস, আর, ও নম্বর ৩৪৩/আইন/৯০/সম (বিধি-৪) আর আর-৩/৯০ অনুযায়ী তাঁদের চাকরি বর্তমান পদে যোগদানের তারিখ থেকে স্থায়ী করা হল :

| ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর, বর্তমান পদবি ও নাম | বর্তমান পদে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১। | ব্যক্তিগত নম্বর : ৮০১৩৩<br>নির্বাহী প্রকৌশলী বি/আর<br>মোঃ আবু আরশাদ | ১৪-০৬-২০২০ | ১৪-০৬-২০২০ |
| ২। | ব্যক্তিগত নম্বর : ৮০২১৯<br>নির্বাহী প্রকৌশলী বি/আর<br>সুলতানা রাজিয়া | ১৪-০৬-২০২০ | ১৪-০৬-২০২০ |
| ৩। | ব্যক্তিগত নম্বর : ৮০২০৬<br>নির্বাহী প্রকৌশলী ই/এম<br>মোহাম্মদ জহিরুল ইসলাম | ১৪-০৬-২০২০ | ১৪-০৬-২০২০ |
| ৪। | ব্যক্তিগত নম্বর : ৮০২০৮<br>নির্বাহী প্রকৌশলী ই/এম<br>মুহাম্মদ সাকিব মাহমুদ আনসারী | ১৪-০৬-২০২০ | ১৪-০৬-২০২০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহিদ নেওয়াজ**
সিনিয়র সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ কার্তিক ১৪২৮/১৭ অক্টোবর ২০২১

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০১১.১৮.৫২৭**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ নৌবাহিনীর ১০ম গ্রেডভুক্ত বেসামরিক কর্মকর্তা সহকারী ফোরম্যান, জনাব মোঃ মহসিন আলম, (পি নং-০৩২৭)-এর চাকরিকাল ৩৯ বছরের বেশি সময় অতিবাহিত হওয়ায় (২৫ বছর পূর্ণ হওয়ায়) তাঁর স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদনের পরিপ্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৪(১) ও (২) ধারা অনুযায়ী ১৫ অক্টোবর ২০২১ তারিখ থেকে স্বেচ্ছায় চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর ছুটি পাওনা সাপেক্ষে বিধি অনুযায়ী লাম্পগ্রান্ট এবং অবসরজনিত অন্যান্য সুবিধাসহ অবসর-উত্তর ছুটি প্রাপ্য হবেন।

৩। উল্লিখিত কর্মকর্তার নিকট সরকারি কোন দেনা-পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফরহাদ হোসেন**
সিনিয়র সহকারী সচিব।